



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

সরকারি শারীরিক শিক্ষা কলেজ প্রাক্তন শিক্ষার্থীদের অনুষ্ঠানে মেয়র

পুনঃর্মিলনী সহপাটিদের ভ্রাতৃত্বের বন্ধনকে সুদৃঢ় করে

চট্টগ্রাম- ০২ নভেম্বর ২০১৮

সরকারি শারীরিক শিক্ষা কলেজ চট্টগ্রাম এর প্রাক্তন শিক্ষার্থী পরিষদের উদ্যোগে পুনঃর্মিলনী উৎসব আজ শুক্রবার সকালে নগরীর হালিশহর কলেজ ময়দানে অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অন্যদের মধ্যে আলকরন ওয়ার্ড কাউন্সিলর তারেক সোলেমান সেলিম, ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, ক্লাস্টার বিডি চেয়ারম্যান মো. সাইফুল হক, সাবেক জেলা ক্রীড়া কর্মকর্তা আ ক ম সাহাবুদ্দিন ও মনোরঞ্জন দে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সরকারি শারীরিক শিক্ষা কলেজ চট্টগ্রাম এর অধ্যক্ষ মো. সামসুল আরেফিন প্রধান আলোচক হিসেবে সভায় উপস্থিত ছিলেন। মোহাম্মদ জোবায়ের ও শামীমা সুলতানার সঞ্চালনায় পুনঃর্মিলনী উৎসবে সভাপতিত্ব করেন পুনঃর্মিলনী উৎসব পরিষদের আহবায়ক তৌহিদুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন পুনঃর্মিলনী উৎসবে সহপাটিদের মধ্যে ভ্রাতৃত্ববোধ ও মমত্ববোধের বন্ধনকে সুদৃঢ় করে। প্রাক্তনরা ক্ষণিকের জন্য প্রিয় প্রতিষ্ঠানে এসে প্রানচাঞ্চল করে তোলে। একে অপরের প্রতি মেল বন্ধন রচিত হয়। প্রাক্তনদের অংশ গ্রহন ও স্মৃতি চারণ, প্রতিষ্ঠানের কল্যাণ এবং শিক্ষক-শিক্ষার্থীদের বন্ধন রচনার মাইল ফলক বলে উল্লেখ করেন মেয়র। তিনি বলেন আত্মকেন্দ্রিকতার কারণে আমরা আমাদের ভাই-বোন, আত্মীয় স্বজন, পাড়া-প্রতিবেশি কে কোন অবস্থায় আছে তার খবরটুকু নিতে পারছি না। সবাই নিজ নিজ কাজে ব্যস্ত হয়ে পড়েছি। পরস্পর পরস্পরের মধ্যে সামাজিক দায়বদ্ধতা, হৃদয়তা ও মমত্ববোধ নেই বলেই চলে। সেখানে স্বার্থপরতা দখল করে নিয়েছে। ফলে নৈতিকতা ও মানবিকতা প্রায় বিলুপ্ত। এ ধরনের পুনঃর্মিলনী অনুষ্ঠানের মাধ্যমে পরস্পরের মধ্যে মমত্ববোধ সৃষ্টির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে। তিনি এ পুনঃর্মিলনী উৎসব আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি বলেন আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ। আমাদের মধ্যে মতের পার্থক্য থাকতে পারে। দেশের বাইরে গেলে আমরা সবাই এক ও অভিন্ন দেশের নাগরিক। তাই আমাদের প্রিয় জন্মভূমিকে বিনির্মাণে সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালন করার আহবান জানান মেয়র। অনুষ্ঠানে সিটি মেয়রের সহকারী একান্ত সচিব রায়হান ইউসুফ ও বিশিষ্ট সমাজ সেবক, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট কেন্দ্রীয় কমিটির যুগ্ম শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক আলহাজ্ব মোহাম্মদ আজাদ খাঁন সহ প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

ইসহাক ব্রাদাস আন্তঃফুটবললীগের পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

চট্টগ্রাম- ০২ নভেম্বর ২০১৮

আজ শুক্রবার বিকেলে ইসহাক ব্রাদাস আয়োজিত আন্তঃফুটবললীগ-২০১৮ ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ইছহাক সও. বাড়ী সংলগ্ন মাঠে নাইন স্টার ও কিংস ম্যান ক্লাবের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। এতে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে নাইন স্টার ক্লাব। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র আলহাজ আ.জ.ম নাসির উদ্দিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি সি, জে, কে, এস ও সহ সভাপতি বাংলাদেশ ব্যাটমিন্টন ফেডারেশনের যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ আমিনুল ইসলাম, কাউন্সিলর, আলহাজ গোলাম মোহাম্মদ চৌধুরী, আলহাজ জিয়াউল হক সুমন, বিশিষ্ট সমাজ সেবক, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট কেন্দ্রীয় কমিটির যুগ্ম শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক আলহাজ মোহাম্মদ আজাদ খান, ইসহাক ব্রাদাস ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর চেয়ারম্যান হাজী আবুল কাশেম ম্যানেজিং ডাইরেক্টর, হাজী মোহাম্মদ ইউনুস ভাইস চেয়ারম্যান হাজী মোহাম্মদ হোসেন উপ ব্যবস্থাপনা পরিচালক, হাজী মোহাম্মদ আলি, ৩৬ নং ওয়াড আওয়ামীলীগ যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ মোরশেদ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাজী মোহাম্মদ আবু সালেহ জুয়েল। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন ব্যক্তিগত সমাজ ও জাতীয় জীবনে উৎকর্ষতা অর্জনের জন্য খেলুধুলা অপরিহার্য। খেলাধুলা যুবসমাজকে মাদক সন্ত্রাস থেকে বিরত রাখে। তাই এ ধরনের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করার জন্য ইসহাক ব্রাদাস কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান মেয়র। পরে মেয়র বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। উক্ত ফাইনাল খেলায় নাইন স্টার ক্লাব কিংস ম্যান ক্লাবকে ট্রাইবেকারে ৫-৪ গোলে হারিয়ে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে। খেলার ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হয় নাইনস্টারে টিমের খেলোয়াড় মামুন উদ্দিন, ম্যান অব দ্যা সিরিজ নির্বাচিত হয় ব্লাক রাইডার টিমের খেলোয়াড় মিটু, ফেয়ার প্লে টিম নির্বাচিত হয় ব্লাক রাইডার

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন